মেহেরপুরে আয়োজিত হলো গ্রীন স্কুল ক্যাম্পেইন

মেহেরপুর জেলা পরিবেশ অধিদপ্তর কর্তৃক গতকাল মঙ্গলবার তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয়ে গ্রীণ স্কুল ক্যাম্পেইন কার্যক্রম ও আলোচনা সভার আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয় এর প্রধান শিক্ষক মো: আব্দুল লতিফ (ভারপ্রাপ্ত), সভাপতির দায়িত্ব পালন করেন পরিবেশ অধিদপ্তর, মেহেরপুর জেলার সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী।

এছাড়াও অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইউথ নেট গ্লোবালের মেহেরপুর সদর উপজেলার কো-অর্ডিনেটর মোঃ লাবিব হাসান ও মেহেরপুর জেলার সাব কো-অর্ডিনেটর মোনায়েম হোসেন এবং মেহেরপুর সমাজ ও পরিবেশ উন্নয়ন সংগঠনের প্রতিনিধি সুজন হোসেন । পরিবেশ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শেখ কামাল মেহেদী অনুষ্ঠান সঞ্চালনা করেন ও সচেতনতামূলক পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। গ্রীণ স্কুল ক্যাম্পেইন কার্যক্রম অনুষ্ঠানে মেহেরপুর সরকারী বালিকা বিদ্যালয়, মেহেরপুর এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মো: আব্দুল লতিফ ৮ম ও নবম-দশম শিক্ষার্থীদের পরিবেশ বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।

পরিবেশ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শেখ কামাল মেহেদী অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে পরিবেশ আইন, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, বৃক্ষরোপণের গুরুত্ব, শব্দ দূষণ, বায়ু দূষণ, মাটি দূষণ ও সিঙ্গেল ইউজ প্লাস্টিক সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন। এছাড়াও শিক্ষার্থীদের মাঝে লেখাপড়ার পাশাপাশি পারিবারিক ও সামাজিক দায়িত্বের পালন ও সামাজিক সুরক্ষামূলক কর্মকান্ডে অংশগ্রহণের জন্য আহবান জানান।

ইউথ নেট গ্লোবালের মেহেরপুর জেলার সাব কো-অর্ডিনেটর মোনায়েম হোসেন পাওয়ার পয়েন্ট এ কঠিন, তরল বর্জ্য, সিঙ্গেল ইউজ প্লাস্টিক ও গৃহস্থলীর বর্জ্য সম্পর্কে তার মূল্যবান মতামত উপস্থাপন করেন । এছাড়া মেহেরপুর সমাজ ও পরিবেশ উন্নয়ন সংগঠনের প্রতিনিধি জনাব সুজন হোসেন বর্জ্য হ্রাস, নবায়ন শক্তির ব্যবহার, বর্জ্য

পুনঃব্যবহার, বিভিন্ন হস্ত শিল্প ও প্লাস্টিক বর্জন এবং প্লাস্টিকের বিকল্প ব্যবহার সম্পর্কে তার মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন ।

ফৌজদারীপাড়া যুবসংঘ আয়োজিত মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ট্রফি উন্মোচন

মেহেরপুর শহরের ফৌজদারী পাড়া যুব সংঘের আয়োজনে মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে শহরের চিজ এন্ড ফিজ রেস্টুরেন্টে এক অনুষ্ঠানের মাধ্যমে ট্রফি উন্মোচন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, আকাশ, মুকিম, শোভন, মারুফ, মাহফুজ, নয়ন, হাবিব, সেলিম, মনা, মুন্না, রাকিবুল ইসলাম রিপন, লিটনসহ আরও অনেকে।

আয়োজকরা জানান, আজ শুক্রবার সন্ধ্যা ৭টায় টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। এবারের প্রতিযোগিতায় মোট ছয়টি দল অংশগ্রহণ করবে— বুলু আইজ, ফ্যালকন বয়েজ, রেড সকস, সেভেন স্টার, নাইট টাইগার ও গোল হান্টার।

টুর্নামেন্ট উপলক্ষে খেলোয়াড় ও এলাকাবাসীর মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে।

বিডিআর হত্যাসহ ছাত্রজনতা

গণহত্যার আসামিদের আইন অনুযায়ী বিচার হবে-আমান উল্লাহ আমান

বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক মন্ত্রী আমান উল্লাহ আমান বলেছেন, ‘যারা ফ্যাসিস্ট সরকারের দোসর হিসেবে কাজ করেছে তাদের বিএনপিতেও জায়গা হবে না।’

আজ মঙ্গলবার (১০ ডিসেম্বর) দুপুরের দিকে কুষ্টিয়া শহরের দিশা টাওয়ারে আয়োজিত কুষ্টিয়া জেলা বিএনপির সকল ইউনিটের কাউন্সিল নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষে বিএনপির নেতা-কর্মীদের নিয়ে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

আমান উল্লাহ আমান বলেন, ‘নিজেদের মধ্যে ভেদাভেদ ভুলে দেশ গড়তে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। দেশপ্রেমী বাংলাদেশী হিসেবে নিজেদের যোগ্যতার প্রমাণ দিতে হবে। দলকে চাঙ্গা করতে কমিটিতে নতুনদের সুযোগ করে দিতে হবে। নতুনদের সুযোগ দিলে দল আরো চাঙ্গা হওয়ার পাশাপাশি নেতা-কর্মীদের মাঝে উৎসাহ তৈরি হবে।’

আমান উল্লাহ আমান আরও বলেন, বিডিআর হত্যাসহ ছাত্রজনতা গণহত্যার আসামি শেখ হাসিনা, আইন অনুযায়ী তার বিচার হবে। আর বিচারের মাধ্যমে আদালতই তাকে দেশে আনবে। সম্প্রতি ভারত ইস্যু নিয়ে বাংলাদেশে জাতীয় ঐক্য গঠিত হয়েছে। ভারত শেখ হাসিনাকে আশ্রয় দিয়েছে বলে যে বিভেদ সৃষ্টি হয়েছে ঐক্যবদ্ধভাবেই আমরা তা মোকাবিলা করব।

আমানউল্লাহ আমান বলেন, ‘শহীদ জিয়ার স্বপ্নের বাংলাদেশে আগামী দিনে নেতৃত্ব দিবে বিএনপি। তাই আমরা আশা করছি, অবিলম্বে তারেক রহমান দেশে আসবেন। কুষ্টিয়া বিএনপির কাউন্সিলে উপস্থিত থাকবেন।’

তিনি বলেন, ‘বৃহত্তর কুষ্টিয়া জেলা বিএনপির ঘাটি। শহীদ জিয়াউর রহমান এই জেলাকে যেভাবে ভালোবাসতেন তেমনি দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের দরদ রয়েছে। অদৃশ্য শক্তি দেশকে অরজাকতার দিকে ঠেলে দিতে ষড়যন্ত্র করছে। তাই আমাদের সতর্ক থাকতে হবে।’

জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিনের সভাপতিত্বে ও সদস্যসচিব ইঞ্জিনিয়ার জাকির হোসেন সরকারের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য দেন বিএনপির খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ ইসলাম অমিত,

সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুণ্ডু, কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক এমপি সৈয়দ মেহেদী আহমেদ রুমী, সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক এমপি অধ্যক্ষ সোহরাবউদ্দিন, সাবেক জেলা সভাপতি ও সাবেক এমপি অধ্যাপক শহিদুল ইসলাম, সাবেক এমপি রেজা আহমেদ বাচ্চু মোল্লা, বিএনপির স্থায়ী কমিটির সদস্য ফরিদা রহমান প্রমুখ।

একদল চোর তাড়িয়ে আরেকদল চোরকে ক্ষমতায় আনলে দেশের মানুষের ভাগ্যের পরিবর্তন হবে না –মুফতী ফয়জুল করীম

ইসলামী আন্দোলন বাংলাদেশ’র নায়েবে আমীর মুফতী সৈয়দ ফয়জুল করিম বলেছেন, ৫৩ বছর এই দেশ স্বাধীন হয়েছে। আজকে শ্রমিকরা তাদের অধিকার আদায়ের জন্য রাস্তায় নামে গুলিবিদ্ধ হয়। যারা ক্ষমতায় থাকবে তারা চাকরি পাবে, আর যারা ক্ষমতায় থাকবে না তারা চাকরি পাবে না। যারা ক্ষমতায় থাকবে তারা আঙ্গুল ফুলে কলাগাছ হবে আর যারা ক্ষমতায় থাকবে না তারা না খেয়ে থাকবে, চিকিৎসা করাতে পারবে না। তা হবে না। কেউ খাবে কেউ খাবে না, তা হবে না। আমরা সকল বৈষম্য দুর করতে চাই। স্বাধীনতার পরে সকল দল সরকারে ছিল কিন্তু বৈষম্য দুর হয়নি। এদেশে যারা সরকারি প্রতিষ্ঠানের শিক্ষক তাদের থেকে বেসরকারি শিক্ষকদের বেতন-ভাতার অনেক বৈষম্য। ব্যাংকগুলি ধনিকে ধনি করছে আর গরিবকে আরও গরিব করছে। গরিব মানুষের ভাগ্যের পরিবর্তনের জন্য অর্থনৈতিক সিস্টেম পাল্টাতে হবে। শুধু নেতা পাল্টালে হবে না নীতিও পাল্টাতে হবে। ইসলামী অর্থনীতি চালু হলে এই দেশে কেউ গরিব থাকবে না।

তিনি বলেন, দেশের সকল সম্পত্তি কয়েকটি পরিবারের হাতে বন্দি। মাত্র ৫টি পরিবার কয়েক লাখ কোটি টাকা বিদেশে পাচার করেছে। একদল চোর তাড়িয়ে আরেকদল চোরকে ক্ষমতায় আনলে দেশের মানুষের ভাগ্যের

পরিবর্তন হবে না। দেশে পিআর নির্বাচন পদ্ধতি চালু করতে হবে। তাহলে সকল দল সংসদে যাওয়ার সময় পাবে। সংসদে কথা বলার সুযোগ পাবে তাহলে এমনিতেই ৮০ শতাংশ দুর্নীতি বন্ধ হয়ে যাবে। সকল দুর্নীতি ও বৈষম্য দুর করতে প্রয়োজন ইসলামী শাসন ব্যবস্থা। আপনারা ইসলামী আন্দোলনের হাতকে শক্তিশালী করুন। ৫শ টাকায় ভোট বিক্রি না করে দেশে ইসলামী শাসন ব্যবস্থা নিয়ে আসুন তাহলে গরিবের ভাগ্যের পরিবর্তন হবে, দেশ উন্নত হবে। তিনি ইসলামী আন্দোলনে সকল সচেতন নাগরিককে দাওয়াত দেন।

আজ বুধবার দুপুরে ঝিনাইদহ শহরের পায়রা চত্ত্বরে ইসলামী আন্দোলন বাংলাদেশ আয়োজিত গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ছাত্রজনতার অভ্যুত্থানে গণহত্যা চালানো, বিদেশে টাকা পাচারসহ চরমোনাই পীর ঘোষিত ৭ দফা দাবিতে আয়োজিত সভায় সভাপতিত্ব করে ইসলামী আন্দোলন বাংলাদেশ’র জেলা শাখার সভাপতি ডা: এইচ. এম. মোমতাজুল করীম এবং সভা পরিচালনা করেন ইসলামী আন্দোলন বাংলাদেশ’র জেলা সাধারণ সম্পাদক মাও: সিহাব উদ্দীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খুলনা বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক মাওলানা শোয়াইব হোসেন, ইসলামী যুব আন্দোলন বাংলাদেশ’র খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মুফতী আব্দুল জলিল। সমাবেশে বিভিন্ন জেলা ও উপজেলার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের পুরষ্কার বিতরণ

২১শে ফেব্রুয়ারি ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা পুলিশ কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে এগারোটা সময় পুলিশ লাইন্স ড্রিল শেডে অমর ২১শে ফেব্রুয়ারি ২০২৩ ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা

দিবস উপলক্ষে পুলিশ লাইন্স ড্রিল শেডে চুয়াডাঙ্গা জেলা পুলিশ কর্তৃক আয়োজিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উক্ত রচনা প্রতিযোগিতায় তিনটি গ্রুপে চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্কুল-কলেজের সর্বমোট ৬০৮ জন ছাত্র-ছাত্রী স্বহস্তে লিখিত রচনা জমা দেন। ক, খ ও গ গ্রুপে শ্রেষ্ঠত্ব অর্জনকারী ১৮ জন ছাত্র-ছাত্রীদের ক্রেস্ট, সার্টিফিকেট ও অর্থ পুরস্কার প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মোঃমুন্না বিশ্বাস সহ সকল অফিসার ইনচার্জ, ডিআইও-১, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই, ক্যাম্প ইনচার্জগণ, আগত স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ, সুশীল সমাজের নাগরিকবৃন্দ, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ফোর্সবৃন্দ।

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন– আমিরুজ্জামান খান শিমুল

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন। সরকারের নিকটতম মানুষ ও আওয়ামী লীগের বড় বড় নেতারা দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করেছেন। সোমবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে এ কথা বলেন,সমাবেশের প্রধান অতিথি ও কেন্দ্র বিএনপি তথ্য ও গবেষণা বিষয়ক সহ সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সমাবেশে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।